

রুয়েটে আমেরিকান সেন্টারের
উচ্চশিক্ষা বিষয়ক সেমিনার

টেক প্রতিদিন ডেস্ক ১১

যুগোপযোগী উচ্চশিক্ষা গ্রহণে শিক্ষার্থীদের প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়ার লক্ষ্যে সোমবার রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েটে) হয়ে গেল সেমিনার। আইইইইই রুয়েট স্টুডেন্ট ব্রাঞ্চ ও মার্কিন দূতাবাসের আমেরিকান সেন্টার আয়োজিত 'আমেরিকায় উচ্চশিক্ষা' বিষয়ক এ সেমিনারে প্রযুক্তিনির্ভর শিক্ষার বিভিন্ন সুযোগ নিয়ে আলোচনা হয়। উপস্থিত ছিলেন আমেরিকান সেন্টারের পরিচালক অ্যান বি ম্যাককনেল, শিক্ষা প্রচার সহায়কারী এ কিউ এম মুশফিক হাসান ও বিশ্ববিদ্যালয়ের ডিউং ও ইলেকট্রনিক কৌশল বিভাগের অধ্যাপক ও আইইইইই বাংলাদেশ শাখার সহ-সভাপতি ড. মুহাম্মদ আব্দুল গোফফার খান।